অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/17/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পাকিপ্সিতে 23 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী আবাসন নির্মাণের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

ডাউনটাউন পাকিপ্সির কেন্দ্রে অবস্থিত ক্র্যানেল স্কয়ারে আছে 75টি মিশ্র উপার্জনের বাসা

নির্মাণটির নকশা করা হয়েছে মিল এবং মেইল স্ট্রিটে পথচারী ট্র্যাফিক উৎসাহিত করার জন্য

গভর্নরের 25 বিলিয়ন ডলারের পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনার অংশ

ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে পাকিপ্সি শহরের 23 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী আবাসন নির্মাণের কাজ শেষ হয়েছে। ক্র্যানেল স্কয়ারে (Crannell Square) রয়েছে শক্তি দক্ষ ভবনে 75টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট, যার মধ্যে 12টি সমর্থক আবাস এবং 26টিতে আয়-উপযুক্ত শিল্পীদের জন্য অগ্রাধিকার থাকবে। একটি স্বল্পব্যবহৃত পার্কিং লটে নির্মিত ভবনটির নকশা করা হয়েছে সিটিস্কেপ আরো সুন্দর করতে এবং ডাউনটাউন পথচারীদের ট্র্যাফিক বৃদ্ধি করতে।

"আমার প্রশাসন দারুণ চাকরির সুযোগ, ট্রানজিট ও সেবার সুযোগ থাকা পাকিপ্সির মতো শহরগুলিতে সাশ্রয়ী আবাসনের সরবরাহ বৃদ্ধি করতে নিবিড় মনোযোগ দিচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "ক্র্যানেল স্কয়ারে এই বিনিয়োগটি আরো প্রাণবন্ত, নিরাপদ ও আকর্ষণীয় ডাউনটাউনের ব্যবস্থা করবে এবং একইসাথে ব্যক্তি ও পরিবারের জন্য 75টি শক্তি দক্ষ ও আধুনিক বাসা প্রদান করবে। নিউ ইয়র্কজুড়ে সকল শহরে নতুন সাশ্রয়ী আবাসন তৈরির মাধ্যমে, আমরা সকল নিউ ইয়র্কবাসীর জন্য জীবনযাত্রার মান ও স্থিতিশীলতা উন্নত করবো।"

ক্র্যানেল স্কয়ার আবাসনকে আরো সাশ্রয়ী, ন্যায্য ও স্থিতিশীল করতে গভর্নর হোকলের স্টেটব্যাপী পরিকল্পনার একটি অংশ। সম্প্রতি প্রণীত স্টেট বাজেটে, গভর্নর একটি নতুন 25 বিলিয়ন ডলারের, পাঁচ বছরের, ব্যাপক আবাসনের পরিকল্পনা সফলভাবে সুরক্ষিত করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণ করে আবাসনের সরবরাহ

বৃদ্ধি করবে, যার মধ্যে 10,000 টি হবে দুর্বল জনগোষ্ঠীর জন্য সহায়তা পরিষেবা সহ এবং অতিরিক্ত 50,000 বাড়িতে বিদ্যুতায়নের ব্যবস্থা করা।

নির্মাণকাজে রয়েছে পাকিপ্সির আপার মিল স্ট্রিট ঐতিহাসিক জেলায় (Upper Mill Street Historic District) একটি একক চার তলা ভবন। ক্র্যানেল স্কয়ারের নকশা করা হয়েছে আশেপাশের এলাকায় বেশি দেখা যাওয়া ঐতিহাসিক স্টুপ নকশার পুনরায় তৈরি করে এবং মিল স্ট্রিটে পথচারী ট্র্যাফিক উৎসাহিত করার জন্য। নির্মাণকাজে রয়েছে সাইটের উত্তরপূর্ব কোণায় বেঞ্চ ও ল্যান্ডস্কেপিংসহ একটি নতুন পথচারী প্লাজা যা ক্র্যানেল স্ট্রেটের মূল পথকে অনুসরণ করে।

75টি অ্যাপার্টমেন্টের মধ্যে এক, দুই, এবং তিন শয়নকক্ষের ইউনিটের মিশ্রণ রয়েছে যা এলাকার মধ্যম আয় (Area Median Income) বা এর 100 শতাংশ কম উপার্জন করা গৃহস্থালির ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে।

মানসিক স্বাস্থ্য চাহিদার ব্যক্তিদের জন্য পাঁচটি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত থাকবে এবং শারীরিক অক্ষমতাসহ ব্যক্তিদের জন্য সাতটি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত থাকবে। এই বাসিন্দাদের জন্য অনসাইটে সমর্থক সেবা পাওয়ার সুযোগ থাকবে যা প্রদান করবে হাডসন রিভার হাউজিং (Hudson River Housing)। একজন অন-সাইট সুপারিনটেনডেন্টের জন্য একটি অ্যাপার্টমেন্ট আছে।

ভবনগুলি নকশা করা হয়েছে নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ ও ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) নিচু নতুন নির্মাণ কর্মসূচি (Low-Rise New Construction program) এবং শক্তি ও পরিবেশমূলক নকশায় নেতৃত্ব সনদের (Leadership in Energy and Environmental Design certification) মানদণ্ড বজায় রাখার জন্য। শক্তি দক্ষ ব্যবস্থার মধ্যে রয়েছে উচ্চ দক্ষতার HVAC এবং অভ্যন্তরীণ গরম পানির ব্যবস্থা, উচ্চ পারফরম্যান্সের স্প্রে ফোম ইন্স্যুলেশন, এবং এনার্জি স্টার (Energy STAR) জানালা ও অ্যাপ্লায়েন্স। ভবনটি এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) এনার্জি স্টার হোমস সংস্করণ 3.1 সনদপ্রাপ্ত এবং EPA ইনডোর এয়ারপ্লাস (Indoor airPLUS) সনদপ্রাপ্ত।

আবাসিক সুযোগসুবিধার মধ্যে রয়েছে একটি কমিউনিটি কক্ষ, লন্ড্রি সুবিধা, পথচারীদের প্লাজা, একত্রে কাজের জায়গা, একটি ভাড়াটিয়াদের লাউঞ্জ এবং অভ্যন্তরীণ ও বাহ্যিক বাইসাইকেল রাখার স্থান।

ক্র্যানেল স্কয়ার পাকিপ্সির মেট্রো-নর্থ (Metro-North) এবং অ্যামট্র্যাক ট্রেন স্টেশন (Amtrak Train Station), হাডসনের উপরের ওয়াকওয়ে, কানেন-হ্যাকেট আর্টস সেন্টার (Cunneen-Hackett Arts Center), পাকিপ্সি পাবলিক লাইব্রেরি (Poughkeepsie Public Library), সিটি হল এবং ডাচেস কাউন্টি অফিস,এবং ঐতিহাসিক ব্রাডেভোন অপেরা হাউজের (Bardavon Opera House) হাঁটা দূরত্বের মধ্যে অবস্থিত।

প্রকল্পের নির্মাতা হলো কেয়ার্নি রিয়েলিটি অ্যান্ড ডেভেলপমেন্ট গ্রুপ, ইনকর্পোরেশন (Kearney Realty and Development Group, Inc.), এবং হাডসন রিভার হাউজিং।

নির্মাণকাজের জন্য স্টেটের অর্থায়নে রয়েছে ফেডারেল ও স্টেটের নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Federal and State Low-Income Housing Tax Credits) যা 11.5 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি সৃষ্টি করেছে এবং নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal, HCR) 1.7 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। সাইটটি এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের (Department of Environmental Conservation, DEC) ব্রাউনফিল্ড ক্লিনআপ কর্মসূচির (Brownfield Cleanup Program. BCP) মাধ্যমে সফলভাবে পুনর্বাসন করা হয়েছে এবং এটি প্রকল্পের কাজ শেষ হওয়ার পর 2.9 মিলিয়ন মার্কিন দাঁড় কর ক্রেডিটের জন্য উপযুক্ত হয়েছে। NYSERDA নিচু নতুন নির্মাণ কর্মসূচির মাধ্যমে 65,000 মার্কিন ডলার সমর্থন প্রদান করেছে। কমিউনিটি প্রিজার্ভেশন কর্পোরেশন (Community Preservation Corporation) নির্মাণ তহবিল হিসেবে 12 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে, এবং একইসাথে নিউ ইয়র্ক স্টেট সাধারণ অবসর তহবিলের (New York State Common Retirement Fund) সাথে এর অংশীদারিত্বের মাধ্যমে 5.5 মিলিয়ন মার্কিন ডলার স্থানীয় অর্থায়ন প্রদান করেছে। ডাচেস কাউন্টি 500,000 মার্কিন ডলার HOME তহবিল প্রদান করেছে।

2022-23 স্টেট বাজেটে, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের সমৃদ্ধিশালী ব্রাউনফিল্ড ক্লিনআপ কর্মসূচিকে বিস্তৃত ও সম্প্রসারিত করেছেন, যা 2022 সালের ডিসেম্বর মাসে শেষ হয়ে যাওয়ার কথা ছিলো। এই কর্মসূচি 10 বছরের জন্য পুনরায় অনুমোদিত হয়েছে। এই বাজেটে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে ক্লিনআপ কার্যক্রমের জন্য প্রণোদনা প্রদান করার মাধ্যমে BCP উন্নয়ন ঘটানো হচ্ছে। সেইসাথে, এই কর্মসূচি BCP সম্পত্তি কর ক্রেডিটের জন্য উপযুক্ত সাশ্রয়ী আবাসন কর্মসূচির পরিধি সম্প্রসারণ করার মাধ্যমে সাশ্রয়ী আবাসন উন্নয়নের জন্য গভর্নর হোকলের অঙ্গীকার পুনরায় নিশ্চিত করেছে, যা অতি প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসনের পাশাপাশি ব্রাউনফিল্ডগুলোর পুনঃউন্নয়নের জন্য প্রণোদনা প্রদান করতে অত্যন্ত গুরুত্বপূর্ণ সুযোগ-সুবিধা প্রদান করবে। এছাড়াও, BCP এখন BCP-চালিত পুনঃউন্নয়নের প্রতি জোর দেওয়া এব স্টেটের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্যসমূহ পূরণে সাহায্য করার জন্য নতুন কর ক্রেডিট দিয়ে নির্দিষ্ট কিছু নবায়নযোগ্য জ্বালানি ফ্যাসিলিটির সাইট উন্নয়নের জন্য উৎসাহিত করছে।

নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "যখন পাকিপ্সির অর্থনীতির প্রবৃদ্ধি হচ্ছে এবং নতুন বাসিন্দাদের আকৃষ্ট করছে, তখন আমাদেরকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে দীর্ঘদিনের বাসিন্দা, পরিবার, এবং বিশেষ চাহিদাসহ ব্যক্তিদের উচ্ছেদ থেকে রক্ষা করতে যাতে সাশ্রয়ী আবাসন থাকে। 23 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগটি আপার মিল স্ট্রিট এলাকায় 75টি নতুন অ্যাপার্টমেন্ট আনবে এবং আরো হাঁটার উপযোগী ও স্বাগত ডাউনটাউনের ব্যবস্থা করতে সাহায্য করবে, এবং একইসাথে শহরের ক্রমবর্ধমান শিল্পী সম্প্রদায়কে উন্নত করবে। আমরা আরেকটি সফল নির্মাণকাজে আরেকবার কেয়ার্নি রিয়েলিটি এবং হাডসন রিভার হাউজিংয়ের সাথে অংশীদারিত্ব করতে পেরে অত্যন্ত খুশি।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জী রিসার্চ ও ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "ক্র্যানেল স্কয়ার প্রকল্পের কাজ শেষ হওয়ার ফলে, পাকিপ্সি এলাকার বাসিন্দাদের শক্তি দক্ষ, স্বাস্থ্যকর এবং আরামদায়ক বসবাসের পরিবেশে, নিম্ন কার্বন পদচিহ্নসহ সাশ্রয়ী আবাসন পাওয়ার সুযোগ এখন বৃদ্ধি পাবে। নিউ ইয়র্ক স্টেট এনার্জী রিসার্চ ও ডেভেলপমেন্ট কর্তৃপক্ষ এমন প্রকল্পকে সমর্থন করতে পেরে গর্বিত যেহেতু এগুলি গভর্নর হোকলের দুই মিলিয়ন জলবায়ুবান্ধব বাসা অর্জনের প্রতিশ্রুতিতে সমর্থন করে, সকল নিউ ইয়র্কবাসী যাতে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগ নিশ্চিত করতে যার মনোযোগ থাকবে সমতার উপর।"

নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্ট গর্বিত পাকিপ্সিতে সাশ্রয়ী আবাসন তৈরির কাজে সাহায্য করতে অংশগ্রহণ করতে পেরে এবং ডিপার্টমেন্ট স্টেটজুড়ে সম্প্রদায়সমূহকে পুনরুজ্জীবিত ও পরিচ্ছন্ন করতে গভর্নর হোকলের নেতৃত্বাধীন কাজ করে যাবে। নিউ ইয়র্কের ব্রাউনফিল্ড ক্লিনআপ কর্মসূচি এটিই অর্জন করতে চায় এবং আমরা হোমস এবং কমিউনিটি রিনিউয়াল এবং হাডসন ভ্যালি ও সকল নিউ ইয়র্কবাসীর সুবিধার্থে স্বল্পব্যবহৃত সম্পত্তির সংস্কার ও পুনর্গঠনে কাজ করতে থাকা অঞ্চলব্যাপী স্থানীয় সম্প্রদায়সমূহকে ধন্যবাদ জানাচ্ছি।"

স্টেটের সিনেটর সু সেরিনো বলেন, "দারুণ এই প্রকল্পের কাজ শেষ হওয়ার এর থেকে ভালো সময় হতে পারতো না কারণ আমাদের সম্প্রদায়ের এখন ভালোমানের, সাশ্রয়ী আবাসনের অনেক চাহিদা রয়েছে। আমরা কেয়ার্নি রিয়েলিটি অ্যান্ড ডেভেলপমেন্ট গ্রুপ, ইনকর্পোরেশন এবং হাডসন রিভার হাউজিংয়ের প্রতি কৃতজ্ঞ, পাকিপ্সি শহরে এত শক্তিশালী একটি বিনিয়োগ করার জন্য এবং আমাদের প্রতিবেশীদের কাছে যাতে এমন অনন্য স্থানীয় স্থান উপলভ্য হয় তা নিশ্চিত করতে তাদের প্রতিশ্রুতির জন্য।"

অ্যাসেম্বলি সদস্য জনাথন জ্যাকবসন বলেন, "এটি সরকারি-বেসরকারি অংশীদারিত্বের একটি দারুণ উদাহরণ এবং এটি পাকিপ্সি শহরে মানসম্পন্ন, সাশ্রয়ী আবাসন প্রদান করতে কেয়ার্নি গ্রুপের প্রতিশ্রুতি প্রদর্শন করে।"

পাকিপ্সির মেয়র রব রলিসন বলেন, "প্রকল্পটির কাজ শেষ হতে দেখে শহর অত্যন্ত আনন্দিত। শহরে আমাদের সাশ্রয়ী আবাসনের ভীষণ প্রয়োজন রয়েছে, এবং ক্র্যানেল স্কয়ারে এই এলাকায় কার্যকলাপ যুক্ত করে দিচ্ছে এমন আবাসন ইউনিটের দারুণ একটি মিশ্রণ রয়েছে এবং এটি আশেপাশের ব্যবসাসমূহের জন্যও লাভজনক হবে।"

হাডসন রিভার হাউজিংয়ের নির্বাহী পরিচালক ক্রিস্টা হাইন্স বলেন, "হাডসন রিভার হাউজিং বিশ্বাস করে যে সাশ্রয়ী আবাসন সমৃদ্ধশালী সম্প্রদায়ের একটি অতি গুরুত্বপূর্ণ ভিত্তি যা সকলের জন্য সুযোগ প্রদান করে। আমাদের বাসাই সেই ভিত্তি যেখান থেকে আমরা আমাদের পূর্ণ সম্ভাবনা অর্জন করতে পারি। তবু পাকিপ্সির অনেক বেশি বাসিন্দা এই ভিত্তি ধরে রাখতে সংগ্রাম করছে, বিশেষ করে যেহেতু আবাসনের ব্যয় বেড়েই চলেছে। আমরা দীর্ঘমেয়াদে

পাকিপ্সি শহরে ক্রয়ক্ষমতা নিশ্চিত করতে একটি গুরুত্বপূর্ণ ধাপ হিসেবে ক্র্যানেল স্কয়ারের একটি অংশ হতে পেরে গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেটের কম্পট্রোলার টমাস ডিনাপোলি বলেন, "রিয়েল এস্টেট বিনিয়োগসমূহ স্টেটের পেনশন তহবিলের জন্য অত্যন্ত লাভজনক হয়েছে এবং এটি আপস্টেট নিউ ইয়র্কের বহু এলাকাকে লাভবান করেছে। আমরা গর্বিত যে স্টেটের পেনশন তহবিল নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহকে পুনর্জীবিত করতে সহজেই করতে পারবে এবং যাদের প্রয়োজন তাদের জন্য অতি প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসনের ব্যবস্থা করতে পারবে।"

ডাচেস কাউন্টি নির্বাহী মার্ক মলিনারো বলেন, "যেহেতু আমাদের অঞ্চল ও দেশে জীবনযাত্রার ব্যয় বেড়ে চলেছে, তাই ডাচেস কাউন্টি এবং পাকিপ্সি শোর আরো সাশ্রয়ী আবাসন উপলভ্য রাখা আমাদের জন্য অন্য যেকোনো সময়ের থেকেই বেশি গুরুত্বপূর্ণ। অ্যাপার্টমেন্টগুলি স্থানীয় পরিবার, শিল্পী, এবং শারীরিক অক্ষমতা বা মানসিক অসুস্থতার সমস্যা নিয়ে বেঁচে থাকা মানুষকে সমর্থন করবে। আমরা আমাদের কাউন্টি সিটে এই সুন্দর নতুন ভবনটি পেয়ে কৃতজ্ঞ, এবং এলাকার উন্নয়নে তাদের প্রতিশ্রুতির জন্য কেয়ার্নি রিয়েলিটি অ্যান্ড ডেভেলপমেন্ট গ্রুপ, ইনকর্পোরেশন, এবং হাডসন রিভার হাউজিংয়ের প্রতি কৃতজ্ঞ।"

কমিউনিটি প্রিজার্ভেশন কর্পোরেশনের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এবং আঞ্চলিক পরিচালক ডাগ অলকোট বলেন, "আমরা পাকিপ্সি সম্প্রদায়ের পুনরুজ্জীবন অব্যাহত রাখতে সাহায্য করার জন্য আমাদের দীর্ঘদিনের অংশীদার কেয়ার্নি রিয়েলিটির সাথে আরেকটি প্রকল্পের অর্থায়নে সাহায্য করতে পেরে গর্বিত। একটি পার্কিং লট এবং প্রাক্তন ব্রাউনফিল্ড সাইট হিসেবে থাকা এই স্থানটির একটি সুন্দর, শক্তি দক্ষ ভবনে রূপান্তরিত হওয়া নিয়ে আমাদের সকলের গর্ব হওয়া উচিত। ক্র্যানেল স্কয়ার মানসম্পন্ন সাশ্রয়ী আবাসনের একটি অত্যাবশ্যকীয় উৎস হবে যা এর ভাড়াটিয়াদের একটি নিরাপদ ও সমর্থন পরিবেশ প্রদান করবে এবং যা সম্প্রদায়ের স্থিতিশীলতার একটি নোঙ্গর হিসেবে কাজ করবে। আমি কেন এবং শন কেয়ার্নি, হাডসন রিভার হাউজিং, গভর্নর হোকল এবং HCR-এ তার দল, কম্পট্রোলার ডিনাপোলি এবং স্টেটের পেনশন তহবিলে আমাদের ধার দেওয়ার অংশীদারদেরকে তাদের সমর্থনের জন্য ধন্যবাদ জানাতে চাই।"

কেয়ার্নি রিয়েলিটি অ্যান্ড ডেভেলপমেন্ট গ্রুপের প্রেসিডেন্ট কেন কেয়ার্নি বলেন, "ক্র্যানেল স্কয়ার নিউ ইয়র্ক স্টেটের উদ্ভাবনী মধ্যম আয়ের আবাসন কর্মসূচির আরেকটি সফল উদাহরণ। এককালে স্বল্পব্যবহৃত একটি পার্কিং লট এখন একটি প্রাণবন্ত মিশ্র আয়ের সম্প্রদায়ের নতুন বাড়ি। আমরা পাকিপ্সি শহরে এই গতিশীল বিকাশ আনতে পেরে অত্যন্ত গর্বিত, এবং আমরা এই নির্মাণকাজ শেষ করতে সাহায্যকারী আমাদের অংশীদারগণের প্রতি কৃতজ্ঞ; যারা হলো নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল; নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্ট; পাকিপ্সি শহর; এবং ডাচেস কাউন্টি পরিকল্পনা ডিপার্টমেন্ট (Dutchess County Planning Department)।"

\###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418